

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২, সার্কিট হাউস রোড, ঢাকা।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.০০০০.০০২.১৬.৯৪.১৫-(পার্ট-১) ৩২০২

তারিখ: ২০.১২.২০২১

বিষয়:- তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত ডিসেম্বর/২০২১ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন।


গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ (ব্রান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, দেশাত্মবোধক ও উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান আয়োজন করে থাকে। এ সকল কাজ বাস্তবায়নের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য, অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের বার্তা প্রচার করে থাকে।

এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে ডিসেম্বর-২০২১ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: জনমত প্রতিবেদন এক প্রস্থ।


২০/১২/২০২১
(বিধান চন্দ্র কর্মকার)
মহাপরিচালক
ফোন-৮৩০০৬৪০
dgmasscommunication@yahoo.com

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

- ০১। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

ডিসেম্বর-২০২১ (১ম পক্ষ)

জনমত শিরোনাম-

- মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম বন্ধে সরকারের হস্তক্ষেপ কামনা
- স্বাস্থ্যবিধি মেনে চলতে জনসচেতনতামূলক বার্তা প্রচার চলছে
- আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে
- করোনাকালীন বিভিন্ন জেলায় বাল্যবিবাহ বৃদ্ধি পেয়েছে

- মধ্যস্বত্বভোগীদের দৌরাভ বন্ধে সরকারের হস্তক্ষেপ কামনা

ভরা মৌসুমে শীতের সবজির সরবরাহ বৃদ্ধি এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের ঘাটতি না থাকা সত্ত্বেও মধ্যস্বত্বভোগীদের দৌরাভের কারণে বাজারদর উর্ধ্বমুখী থাকায় অসন্তোষ প্রকাশ করেছে ভোক্তাসাধারণ। ভোক্তা পর্যায়ে পণ্যের দাম কমাতে মধ্যস্বত্বভোগীদের দৌরাভ বন্ধ করে নতুন বাজার ব্যবস্থাপনা সৃষ্টির জন্য সরকারের নিকট জোর দাবি জানিয়েছে ভোক্তাসাধারণ।

- স্বাস্থ্যবিধি মেনে চলতে জনসচেতনতামূলক বার্তা প্রচার চলছে

সারাবিশ্বে করোনা ভাইরাসের নতুন ধরন 'ওমিক্রন' সনাক্ত হওয়ায় জনগণকে মাস্ক পরিধান, স্বাস্থ্যবিধি অনুসরণসহ শারিরিক দূরত্ব বজায় রেখে নিজেদের সুরক্ষিত রাখার পাশাপাশি ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতামূলক বার্তা প্রচারসহ উন্মুক্ত বৈঠক ও চলচ্চিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শন অব্যাহত রেখেছে জেলা তথ্য অফিসসমূহ। শিক্ষার্থীদের টিকাদান কর্মসূচি চলমান থাকায় শিক্ষার্থী অভিভাবকসহ সাধারণ জনগণ সরকারকে ধন্যবাদ জানিয়েছে।

- আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে

আইন-শৃঙ্খলা পরিস্থিতি শান্ত থাকায় জনগণ সরকারকে ধন্যবাদ জানিয়েছে। জেলা-উপজেলার বিভিন্ন পর্যায়ে মাদক বিরোধী অভিযান জোরদার করার জন্য পুলিশ প্রশাসন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে সুশীল সমাজের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে।

- করোনাকালীন বিভিন্ন জেলায় বাল্যবিবাহ বৃদ্ধি পেয়েছে

করোনাকালীন সময়ে বিভিন্ন জেলায় বাল্য বিবাহ বৃদ্ধি পেয়েছে মর্মে জনমতে প্রতিফলন ঘটেছে। মোবাইল ফোনের মাধ্যমে বিভিন্ন অনলাইনভিত্তিক গেমস খেলার প্রতি স্কুলগামী ছাত্রসহ যুব সমাজের প্রবণতা লক্ষ করায় উদ্ভিন্ন অভিভাবকমহল। এর কুফল সম্পর্কে জনসচেতনতামূলক বার্তা প্রচার অব্যাহত রাখায় জেলা তথ্য অফিসসমূহকে ধন্যবাদ জানিয়েছে সাধারণ জনগণ।